আজকের কাগজ

৮৩

তারিখ 09 MAY 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

# বিশ্ববিদ্যালয়ে গোলাগুলি বোমা বিস্ফোরণ
## ধাওয়া কাঁদুনে গ্যাস ছুঁড়েছে পুলিশ

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে আবারো সন্ত্রাসী তৎপরতা শুরু হয়েছে। গতকাল রাত পৌনে ৮টা থেকে সোয়া ৯টা পর্যন্ত জাসদ সমর্থিত দু'টি ছাত্র সংগঠনের মধ্যে অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। ধাওয়া-পাল্টা ধাওয়া ছাড়াও উভয় পক্ষ ৬০ থেকে ৭০ রাউন্ড ফাঁকা গুলি ও কয়েকটি বোমার বিস্ফোরণ ঘটায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ প্রায় ১৫ রাউন্ড কাঁদুনে গ্যাস নিক্ষেপ করেছে। বিশ্ববিদ্যালয় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। তবে বিশ্ববিদ্যালয় এলাকায় বিপুল পরিমাণ পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কয়েকদিন থেকে জাসদ সমর্থিত ছাত্র লীগের দু'টি গ্রুপের মধ্যে অভ্যন্তরীণ কোন্দল চলছে। একটি গ্রুপে শফি ও অন্যটিতে প্রধান নেতৃত্ব দিচ্ছেন। গত দুপুরে শফি গ্রুপের জিয়া হলের একজন ছাত্র ক্যাম্পাসে প্রধান গ্রুপের হাতে লাঞ্ছিত হয়। এ ঘটনার পর শফি গ্রুপের ছাত্ররা সন্ধ্যায় সূর্যসেন হলের সামনে অবস্থান নেয়। এরপর রাত পৌনে ৮টায় জিয়া হল, মুজিব হল, জসিম উদ্দীন হল ও সূর্যসেন হল থেকে ঐ দু'টি গ্রুপের মধ্যে ছাত্রদের খোঁজাখুজি শুরু হয়। এর মধ্যেই উভয় পক্ষ ফাঁকা গুলি ছুঁড়তে আরম্ভ করে। গুলির মাঝে মাঝে কয়েকটি বোমার বিস্ফোরণ ঘটেছে। গুলি ও বোমার প্রচন্ড শব্দে আবাসিক ছাত্ররা আতংকগ্রস্ত হয়ে ছুটোছুটি করতে থাকে। আধ ঘন্টা পর পুলিশ কাঁদুনে গ্যাস নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। গোলাগুলির সময় বিশ্ববিদ্যালয় এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। আরো জানা গেছে, গতকাল ঐ দু'টি গ্রুপের মধ্যে বিদ্যমান কোন্দল নিরসনে একটি বৈঠকের কথা ছিলো। কিন্তু শফি গ্রুপের নেতৃরা সমঝোতা বৈঠকে উপস্থিত হলেও প্রধান গ্রুপের নেতৃবৃন্দ আসেনি। ফলে তাদের নির্ধারিত বৈঠক অনুষ্ঠিত হয়নি।